গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০- ৮৮৮ তারিখ: ২১ /০৮/২০২১ খ্রি.

**বিষয়: ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত অ্যাসাইনমেন্ট (একাদশ সপ্তাহ) বিতরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিত জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩৭.০০৩.২১.৪২৭; তারিখ: ২৪ জুলাই ২০২১ খ্রি. জারীকৃত পত্রের মাধ্যমে ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির শিক্ষার্থীদের চলমান অ্যাসাইনমেন্ট বিতরণ কার্যক্রম সাময়িক স্থগিত সংক্রান্ত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত অ্যাসাইনমেন্ট বিতরণ কার্যক্রম যথা নিয়মে চালু থাকবে। তৎপ্রেক্ষিত ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির একাদশ সপ্তাহের অ্যাসাইনমেন্ট বিতরণ করা হলো।

এমতাবস্থায়, ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির একাদশ সপ্তাহের অ্যাসাইনমেন্ট সকল শিক্ষার্থীদের প্রদান ও গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত:** অ্যাসাইনমেন্ট (একাদশ সপ্তাহ)

২১/০৮/২০২১

**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ০২-৪১০৫০২৮৫

**বিতরণ:**

১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....................................

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল
৪. জেলা প্রশাসক, সকল জেলা
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[অ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৭. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৮. সংরক্ষণ নথি

# Assigned Task and Assessment Criteria on the basis of Syllabus due to COVID-19, 2021

**Class: Six** **Subject: English**

| Assignment Serial | Lesson and name of the lesson | Assignments | Instructions | Assessment Rubrics |
|---|---|---|---|---|
| **Assignment-4** | **Lesson- 6:**<br>It smells good! | Fahmida loves eating. Both of her parents are good cook but she is very fond of her father's cooking. Mr. Rahman tries different new items. It was a weekend and raining heavily outside. Mr. Rahman declared, "Hey guys, I'm going to cook for you today". Fahmida along with her brothers and sisters cheered- Yeeh! Mrs. Rahman said....<br><br>Now complete the story in 150 words. | This assignment is for completing story. Students **DO NOT** need to reproduce the part of the story told here. However, if any student reproduce it, **DO NOT** penalize. | **Excellent:**<br>• Student writes at least 10 new sentences.<br>• The newly written sentences are properly connected to the storyline.<br>• Student's use of vocabulary is appropriate and varied.<br>• All sentences are grammatically correct.<br>• The presentation has no spelling error.<br>**Very good:**<br>• Student writes at least 8 new sentences.<br>• The newly written sentences are generally connected to the storyline provided with one or two examples of disjointed sentences.<br>• Student's use of vocabulary is generally appropriate and varied with some slips.<br>• A few grammatical errors are evident.<br>• The presentation has occasional spelling error.<br>**Good:**<br>• Student writes at least 6 new sentences.<br>• The newly written sentences are somehow connected to the storyline provided with some disjointed ideas/sentences.<br>• Student's use of vocabulary is limited.<br>• Half of the presentation has grammatical errors.<br>• Half of the presentation is free from spelling error.<br>**Needs improvement:**<br>• Student could not come up with any meaningful new ideas.<br>• The newly written sentences/ideas are disjointed.<br>• Student's use of vocabulary is extremely limited with many inappropriate uses.<br>• There are frequent grammatical errors (more than half of the sentences are grammatically inaccurate).<br>• The presentation has frequent spelling error. |

# Assigned Task and Assessment Criteria on the basis of Syllabus due to COVID-19, 2021

**Class: Seven** | **Subject: English**

<table>
<tr><th>Assignment Serial</th><th>Chapter and Title of the Chapter</th><th>Lesson no and Title</th><th>Assignment</th><th>Instruction</th><th colspan="2">Assessment Rubrics</th></tr>
<tr><td rowspan="16">Assignment-4</td><td rowspan="16">Unit-4: People Who Make a Difference</td><td rowspan="16">Lesson-3: Whose Child is This?<br><br>Other lessons<br>• Lesson 1: A teacher(1)<br>• Lesson 2: A teacher(2)<br>• Lesson 4: Fixed price shop<br>• Lesson 5: Morality shop<br>• Lesson 6: The homemaker (1)</td><td rowspan="16">Read the poem attentively and critically. Now-<br><br>1. Write a summary with a suitable title except “Whose Child is This”<br><br>2. Explain whose contribution is the most to build up a child? Give your own reasons.</td><td rowspan="16">Teachers will check students’ assignment following the assessment rubrics</td><td>Suitable title, main idea of the poem- (i)parents’ contribution, (ii)teachers’ contribution, (iii)combined contribution of parents and teachers clearly narrated</td><td rowspan="4">Excellent</td></tr>
<tr><td>Explaining the question no 2 with critical thinking and creativity</td></tr>
<tr><td>Sentences grammatically correct</td></tr>
<tr><td>Correct spelling</td></tr>
<tr><td>Suitable title, main idea of the poem- (i)parents’ contribution, (ii)teachers’ contribution, (iii)combined contribution of parents and teachers partially narrated</td><td rowspan="4">Very good</td></tr>
<tr><td>Explaining the question no 2 with a bit critical thinking and creativity</td></tr>
<tr><td>Sentences grammatically correct with few mistakes</td></tr>
<tr><td>Correct spelling few mistakes</td></tr>
<tr><td>Suitable title, main idea of the poem- (i)parents’ contribution, (ii)teachers’ contribution, (iii)combined contribution of parents and teachers narrated a little</td><td rowspan="4">good</td></tr>
<tr><td>Explaining the question no 2 with little critical thinking and creativity</td></tr>
<tr><td>Sentences grammatically correct with frequent mistakes</td></tr>
<tr><td>Correct spelling with frequent mistakes</td></tr>
<tr><td>Suitable title, main idea of the poem- (i)parents’ contribution, (ii)teachers’ contribution, (iii)combined contribution of parents and teachers not narrated</td><td rowspan="4">Needs improvement</td></tr>
<tr><td>Explaining the question no 2 without critical thinking and creativity</td></tr>
<tr><td>Sentences grammatically correct with a lot of mistakes</td></tr>
<tr><td>Correct spelling with lot of mistakes</td></tr>
</table>

# Assigned Task and Assessment Criteria on the basis of Syllabus due to COVID-19, 2021

**Class: Eight** **Subject: English**

| Assignment Serial | Unit and Unit Tittle | Lesson no and Title | Assignment | Instruction | Assessment Rubrics |
|---|---|---|---|---|---|
| Assignment-4 | Unit-3:<br>Health and Hygiene | Lesson-1:<br>Health<br>Lesson-2:<br>Ode on Solitude<br>Lesson-3:<br>Hygiene<br>Lesson-4:<br>A dialogue<br>Lesson-5:<br>A letter<br>Lesson-6:<br>Physical Exercise<br>Lesson-7:<br>A healthy and happy family<br>Lesson-8:<br>Making a class committee | **Lesson 3: Hygiene**<br><br>Priya lives in a village. Now-a-days, she is confinedto the four walls as her school has been closed since 17 March 2020. She became scared when she came to know that a deadly virus named Corona spread all over the world and the Government of Bangladesh requested people to stay at home to stop the spread widely. To maintain personal health and hygiene, people need to eat nutritious food and take regular physical exercise, wash hands frequently and maintain social distance to be safe. However, it makes her sad seeingmany people not following the safety rules.<br><br>Now, think of the existing worldwide corona pandemic situation. List 10 protective measures and make a poster to stop the spread of coronavirus disease, COVID-19. | Students are asked to follow the general rules of making a poster. | **Excellent:**<br>Students will be awarded 'Éxcellent' for relevant information, appropriate content & grammar, spelling, punctuation, complete communication and creativity.<br><br>**Very Good:**<br>Students will be awarded 'Vèry Good' for relevant information, appropriate content and grammar, spelling, punctuation, partial communication and creativity.<br><br>**Good:**<br>Students will be awarded 'Good' for inadequate content, errors in grammar, spelling & punctuation mistakes, less communication and creativity.<br><br>**Needs Improvement:**<br>Students will be awarded 'Needs Improvement' for irrelevant information, inappropriate content, frequent grammar, spelling and punctuation mistakes along with incomplete communication and creativity. |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়ঃ** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পরিচিতি | পাঠ- ১:<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ধারণা<br>পাঠ- ২:<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ধারণা<br>পাঠ- ৩:<br>উপাত্ত ও তথ্য<br>পাঠ- ৪:<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার<br>পাঠ- ৫:<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার<br>পাঠ- ৬:<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার<br>পাঠ- ৭ ও ৮:<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরুত্ব | "কোভিড ১৯ পরিস্থিতিতে তোমার স্কুল বন্ধ আছে। তোমার বাবা তার জমির ফসলের উন্নয়নে পরামর্শের জন্য কৃষি অফিসে যেতে পারছেন না। তোমার দাদী হঠাৎ অসুস্থ হয়ে পড়লে তোমার মা, তোমার বাবাকে প্রয়োজনীয় সহযোগিতার জন্য ডাক্তারকে ফোন করতে বলেন।"<br><br>উপরের প্রেক্ষাপটের আলোকে- 'দৈনন্দিন জীবনযাপনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার' শিরোনামে একটি প্রবন্ধ লিখ (২০০ শব্দ) | ভূমিকা, শিক্ষাক্ষেত্রে শিক্ষার্থীর তথ্য প্রযুক্তির ব্যবহার, চিকিৎসাক্ষেত্রে তথ্য প্রযুক্তির ব্যবহার, কৃষিক্ষেত্রে তথ্য প্রযুক্তির ব্যবহার, পরিবেশ ও আবহাওয়া, উপসংহার। | **অতি উত্তম:**<br>১.বিষয়বস্তুর কাঠামো সুনির্দিষ্ট, তথ্য সঠিক, স্পষ্ট, ধারাবাহিক ও সুন্দর উপস্থাপন<br>২.তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা রয়েছে<br>**উত্তম:**<br>১.অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর কাঠামো সুনির্দিষ্ট, তথ্য সঠিক, স্পষ্ট, ধারাবাহিক ও সুন্দর উপস্থাপন<br>২.তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি অধিকাংশ ক্ষেত্রে পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br>**ভালো:**<br>১. বিষয়বস্তুর সঠিক থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে আংশিক সঙ্গতিপূর্ণ<br>৩. সামান্য মাত্রায় নিজস্বতা ও লেখায় সৃজনশীলতা লক্ষণীয়<br>**অগ্রগতি প্রয়োজন**<br>১.বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২.তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সঙ্গাতির অভাব<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** | **বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়:** প্রত্যহ জীবনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | পাঠ- ১ ও ২: ব্যাক্তি জীবনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি<br>পাঠ- ৩, ৪ ও ৫: কর্মক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি<br>পাঠ- ৬ ও ৭: সমাজ জীবনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ব্যক্তি, কর্ম ও সমাজ জীবনের উল্লেখযোগ্য ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ভূমিকা নিয়ে একটি প্রতিবেদন তৈরি কর। (অনুর্ধ ২৫০ শব্দ) | • পাঠ্য বইয়ের সংশ্লিষ্ট বিষয়ের উপর পর্যাপ্ত ধারণা অর্জন করা<br>•প্রয়োজনে বাবা-মা /অভিভাবকের সহযোগিতা নেয়া<br>•বর্তমান পরিস্থিতির কারণে মোবাইল বা যে কোনো ভার্চুয়াল মিডিয়ার সাহায্যে বিষয় শিক্ষকের শরণাপন্ন হওয়া<br>• ইন্টারনেটের সাহায্য নেয়া<br>• সহস্তে প্রতিবেনটি লিপিবদ্ধ করা | **অতি উত্তম:**<br>• পাঠ্য বইয়ের তথ্য ও তত্ত্ব জ্ঞানের আলোকে সংশ্লিষ্ট বিষয়ের যথার্থ ব্যাখ্যা প্রদান<br>• আর্থ-সামাজিক ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উল্লেখযোগ্য প্রয়োগ- কৌশল চিহ্নিত করণ<br>• যথার্থ যুক্তি-প্রমাণ উপস্থাপন<br>• উপস্থাপনায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**উত্তম:**<br>• পাঠ্য বইয়ের ধারণার আলোকে সংশ্লিষ্ট বিষয়ের প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান<br>• আর্থ-সামাজিক ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কতিপয় প্রযোগ কৌশল চিহ্নিত করণ<br>• মোটামুটি যুক্তিপ্রমাণ উপস্থাপন<br>• বিষয় জ্ঞানে ধারাবাহিকতা থাকলেও নিজস্বতা ও সৃজনশীলতা লক্ষণীয় মাত্রায় পৌছায়নি<br>**ভালো:**<br>• পাঠ্য বইয়ের ধারণার আলোকে সংশ্লিষ্ট বিষয়ের মোটামুটি ব্যাখ্যা করণ<br>• বিষয় জ্ঞানে মোটামুটি ধারাবাহিক<br>• নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>• পাঠ্য বইয়ের ধারণার আলোকে সংশ্লিষ্ট বিষয়ের কিছু ব্যাখ্যা প্রদান<br>• বিষয় জ্ঞান প্রাথমিক স্তরেই সীমাবদ্ধ থাকা |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়:** তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরুত্ব | পাঠ- ১: তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরুত্ব<br>পাঠ- ২: কর্মসৃজন ও কর্মপ্রাপ্তিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি<br>পাঠ- ৩: যোগাযোগ<br>পাঠ- ৪: ব্যবসায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরুত্ব<br>পাঠ- ৫: সরকারি কর্মকান্ডে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রয়োগ<br>পাঠ- ৬: চিকিৎসা<br>পাঠ- ৭: গবেষণা | 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিস্তারের ফলে বাংলাদেশে কর্মসংস্থানের নতুন দিক উন্মোচিত হয়েছে'- উক্তিটির আলোকে একটি প্রতিবেদন লিখ। | প্রতিবেদনটি তৈরির ক্ষেত্রে লক্ষ রাখতে হবে-<br>১। প্রারম্ভিক অংশ: মূল শিরোনাম, প্রাপকের নাম ঠিকানা, সূত্র বিষয়ের সংক্ষিপ্ত সার নির্দেশক কথা।<br>২। প্রধান অংশ: বিষয় সম্পর্কে ভূমিকা, মূল প্রতিবেদন (উৎপাদনশীলতা, দক্ষ কর্মী,নতুন কর্মের খাতসমূহ, কর্ম প্রত্যাশীদের জন্য আইসিটির ভুমিকা, ঘরে বসে আয়), উপসংহার ও সুপারিশ। ৩। পরিশিষ্ট: তথ্য নির্দেশ, গ্রন্থ বিবরণী ও আনুসঙ্গিক বিষয়াদি। | **ক. অতি উত্তম:**<br>(১) বিষয়বস্তুর যথার্থতা, ধারাবাহিকতা ও প্রাসঙ্গিকতা।<br>(২) লেখায় তথ্য ও সূত্র পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ।<br>(৩) লেখায় লক্ষণীয় নিজস্বতা বা সৃজনশীলতা।<br><br>**খ. উত্তম:**<br>(১) বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা।<br>(২) লেখায় তথ্য, তত্ত্ব, ও সূত্র পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ।<br>(৩) লেখায় নিজস্বতা বা সৃজনশীলতা আছে তবে তা লক্ষণীয় নয়।<br><br>**গ. ভালো:**<br>(১) বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব।<br>(২) লেখায় তথ্য, তত্ত্ব, সূত্র ও ব্যাখ্যা আংশিকভাবে সঠিক।<br>(৩) লেখায় সামান্য নিজস্বতা ও সৃজনশীলতা।<br><br>**ঘ. অগ্রগতি প্রয়োজন:**<br>(১) বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব।<br>(২) লেখায় তথ্য, তত্ত্ব, সূত্র ও ব্যাখ্যা পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ নয়।<br>(৩) লেখায় নিজস্বতা বা সৃজনশীলতার অভাব। |


# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: গণিত**

<table>
<tr><th>এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম</th><th>অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম</th><th>পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু</th><th>এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ</th><th>নির্দেশনা</th><th>মূল্যায়ন রুব্রিক্স</th></tr>
<tr>
<td>এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩</td>
<td>ষষ্ঠ অধ্যায়: রেখা, কোণ ও ত্রিভুজ</td>
<td>

- সমতল জ্যামিতি
- জ্যামিতিক প্রমাণ
- কোণ
- ত্রিভুজ সংক্রান্ত উপপাদ্য প্রয়োগে সমস্যা সমাধান

</td>
<td>




যেখানে $DE$ রেখা $AB$ ও $AC$ রেখার মধ্যবিন্দুগামী সরলরেখা এবং $DE = EF$।

সমস্যা ১ ঃ চিত্র হতে চারটি বিপ্রতীপ কোণ চিহ্নিত করো এবং এদের মধ্যকার পারস্পারিক সম্পর্ক উপস্থাপন কর।

সমস্যা ২ ঃ $\Delta CEF$ এর বহিঃস্থ $\angle AEF$ এর সাথে $\Delta CEF$ এর অন্তঃস্থ কোণ $\angle ECF$ এবং $\angle EFC$ এর মধ্যকার সম্পর্ক কীরূপ? তা লিখ।

সমস্যা ৩ ঃ $DE \parallel BC$ হবে কী? প্রমাণসহ স্বপক্ষের যুক্তি উপস্থাপন কর।

সমস্যা ৪ ঃ $ABC$ ত্রিভুজে যদি $BC > AB$ হয় এবং $\angle ABC$ এর সমদ্বিখণ্ডক রেখা $AC$ কে $G$ বিন্দুতে ছেদ করলে, উৎপন্ন $\angle BGA$ সূক্ষ্মকোণ না স্থূলকোণ হবে? প্রমাণ কর।

</td>
<td>

- চারটি বিপ্রতীপ কোণ নির্ণয় এবং ত্রিভুজের বহিঃস্থ কোণ ও অন্তঃস্থ কোণ এর মধ্যকার পারস্পরিক সম্পর্কগুলো সঠিকভাবে উপস্থাপন করবে।
- যুক্তি উপস্থাপনে পাঠ্যপুস্তকের তত্ত্বের ব্যবহার করবে।
- প্রয়োজনীয় চিত্রের অঙ্কন করবে।

</td>
<td>

- কোণগুলো নির্ণয় সঠিকতা
- কোণের পারস্পরিক সম্পর্কের সঠিকতা
- তথ্য ও তত্ত্বের সঠিকতা
- প্রমাণের সঠিকতা
- চিত্র অঙ্কনের যথার্থতা

</td>
</tr>
</table>

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | ষষ্ঠ অধ্যায়: রাষ্ট্র, নাগরিকতা ও আইন | রাষ্ট্র, নাগরিকতা ও আইন | রাষ্ট্র ও নাগরিকের সম্মিলিত প্রয়াস ব্যতীত নাগরিক জীবনের কোনো সমস্যা সমাধান সম্ভব নয়। কোভিড-১৯ পরিস্থিতির আলোকে এ বিষয়ে তোমার মতামত যুক্তিসহ তুলে ধর। | ১. দুর্যোগ মোকাবিলা/নাগরিক জীবনের সমস্যা সমাধানে রাষ্ট্রের করণীয় ব্যাখ্যা করবে।<br>২. সমস্যা সমাধানে নাগরিকের দায়িত্ব ও কর্তব্য তুলে ধরবে।<br>৩. করোনা কালে রাষ্ট্রের গৃহীত পদক্ষেপ সমূহ উল্লেখ করবে।<br>৪. চলমান পরিস্থিতিতে রাষ্ট্র ও নাগরিকের ভূমিকা যথাযথ কিনা যুক্তিসহ ব্যাখ্যা করবে।<br>৫. এ বিষয়ে নিজস্ব মতামত প্রদান করবে। | **ক. অতি উত্তম:**<br>১. পরিপূর্ণমাত্রায় বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br>**খ. উত্তম:**<br>১. অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br>**গ. ভালো:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি আংশিকভাবে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা বিদ্যমান<br>**ঘ. অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি সঙ্গতির অভাব<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৯ম** **বিষয়: বিজ্ঞান**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | দ্বিতীয় অধ্যায়: জীবনের জন্য পানি | ২.১.১ পানিরধর্ম<br>২.১.২ পানিরউৎস<br>২.১.৩ জলজ উদ্ভিদের জন্য পানির প্রয়োজনীয়তা,<br>২.২ পানির মানদন্ড<br>২.৩ পানির পুনরাবর্তন ও পরিবেশ সংরক্ষণে পানির ভূমিকা<br>২.৩ পানির পুনরাবর্তন ও পরিবেশ সংরক্ষণে পানির ভূমিকা<br>২.৪ পানি বিশুদ্ধকরণ<br>২.৫ বাংলাদেশে পানির উৎসে দূষণের কারণ<br>২.৫.১ উদ্ভিদ, প্রাণী এবং মানুষের উপর পানি দূষণের প্রভাব<br>২.৬ বৈশ্বিক উষ্ণতা<br>২.৭ বাংলাদেশে পানি দূষনের প্রতিরোধ কৌশল এবং নাগরিকের দায়িত্ব<br>২.৭ বাংলাদেশে পানি দূষনের প্রতিরোধ কৌশল এবং নাগরিকের দায়িত্ব<br>২.৮ বাংলাদেশে পানির উৎসে হুমকি<br>২.৮ বাংলাদেশে পানির উৎসে হুমকি<br>২.৮ বাংলাদেশে পানির উৎসে হুমকি<br>২.৯ পানি প্রবাহের সর্জনীনতা এবং আন্তর্জাতিক নিয়মনীতি | প্রজ্ঞা তার বাবার সাথে বুড়িগঙ্গা নদীতে নৌকায় করে বেড়াতে গেল। দাদা বাড়িতে যাওয়ার সময় নদীর পাড়ের যে ছবি তার মনে গেঁথে ছিল তার সঙ্গে এই মুহূর্তে দেখা চিত্রের সঙ্গে কোন মিল খুঁজে পেল না। নদীর কোন পাড় নেই, আছে অসংখ্য দালান কোঠা, দোকান পাট, শিল্প কারখানা। পানির রঙ একেবারেই কালো, দুর্গন্ধময়। যে বিশুদ্ধ বাতাস নেবার উদ্দেশ্যে সে বের হয়েছিল, উল্টো দুর্গন্ধে তার দম বন্ধ হয়ে আসতে লাগলো। প্রজ্ঞার খুব মন খারাপ হল। দেশের এত বড় নদীর এই দুরবস্থা।<br>ক) বুড়িগঙ্গা নদীর পানি মাছসহ অন্যান্য জীব বসবাসের জন্য উপযুক্ত কি না? ব্যখ্যা কর।<br>খ) বুড়িগঙ্গার পাড়ে যদি কোন ফসলী জমি থাকে তাহলে তার সেচ কার্যক্রম কি বুড়িগঙ্গার পানি দিয়ে করা সম্ভব? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও।<br>ঘ) বুড়িগঙ্গাকে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতে স্থানীয় জনগনের সহায়তায় তুমি কি করতে পারো? উপস্থাপন কর। | • পাঠ্যবইয়ের সহায়তা নিতে পারে।<br>• ইন্টারনেট, বিভিন্ন মিডিয়া ও প্রতিবেদনের সহায়তা নিতে পারে। | **অতি উত্তম:**<br>১. সম্পূর্ণরূপে পানি দূষন ও এর ক্ষতিকর প্রভাব বিশ্লেষণ করতে পারা।<br>২. মানসম্মত পানির প্রয়োজনীয়তা পুরোপুরি বর্ণনা করতে পারা।<br>৩. পানির উৎস ও স্বাভাবিক প্রবাহ নিশ্চিতকরণ বিষয়ে সঠিক ও পরিপুর্ন উপস্থাপনা।<br>৪. সম্পূর্নরূপে পারিপার্শ্বিক প্রয়োজনে নিজেকে সংযুক্ত করার প্রয়োজনীয়তা অনুধাবন।<br>**উত্তম:**<br>১. অধিকাংশক্ষেত্রে পানি দূষন ও এর ক্ষতিকর প্রভাব বিশ্লেষণ করতে পারা।<br>২. অধিকাংশক্ষেত্রেই মানসম্মত পানির প্রয়োজনীয়তা বর্ণনা করতে পারা।<br>৩. পানির উৎস ও স্বাভাবিক প্রবাহ নিশ্চিতকরণ বিষয়ে বেশির ভাগ উপস্থাপনা।<br>৪. পারিপার্শ্বিক প্রয়োজনে নিজেকে সংযুক্ত করার প্রয়োজনীয়তা অনুধাবন।<br>**ভালো:**<br>১. কিছুক্ষেত্রে পানি দূষন ও এর ক্ষতিকর প্রভাব বিশ্লেষণ করতে পারা।<br>২. মানসম্মত পানির প্রয়োজনীয়তা সামান্য বর্ণনা করতে পারা।<br>৩. পানির উৎস ও স্বাভাবিক প্রবাহ নিশ্চিতকরণ বিষয়ে সামান্য উপস্থাপনা।<br>৪. পারিপার্শ্বিক প্রয়োজনে নিজেকে আংশিক সংযুক্ত করার প্রয়োজনীয়তা অনুধাবন।<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. পানি দূষন ও এর ক্ষতিকর প্রভাব বিশ্লেষণ করতে না পারা।<br>২. মানসম্মত পানির প্রয়োজনীয়তা বর্ণনা করতে না পারা।<br>৩. পানির উৎস ও স্বাভাবিক প্রবাহ নিশ্চিতকরণ বিষয়ে অসম্পূর্ণ উপস্থাপনা।<br>৪. পারিপার্শ্বিক প্রয়োজনে নিজেকে সংযুক্ত না করা। |